সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
Social Development Foundation (SDF)
অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং-এসডিএফ/আরইএলআই/এইচআর/কুম/ডিপি-২০২৪(১)/২৮৫৭(১) তারিখ: ০৯/০৯/২০২৪

ফারজানা ইসলাম
আইডি নং: ৩২৪২
ক্লাস্টার ফ্যাসিলিটেটর
০২ নং রহিমানগর ক্লাস্টার, চাঁদপুর।

স্থায়ী ঠিকানা: ৫৭৩, পূর্ব কাজীপাড়া, বেগম রোকেয়া সারণী, মিরপুর, ঢাকা-১২১৬।

**বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ।**

সূত্রঃ স্মারক নং-এসডিএফ/ অঞ্চল-কুমিল্লা/প্রশাসন/২০২৪/০৪৭২(১), তারিখঃ ০৮/০৮/২০২৪;

**যেহেতু,** আপনি ফারজানা ইসলাম, আপনার তত্ত্বাবধায়ক ক্লাস্টার অফিসার অমিত মন্ডল এর সাথে বাক-বিতন্ডায় লিপ্ত হয়েছেন, তার সাথে অকথ্য ভাষায় গালিগালাজ করেছেন যেমন হিন্দুর বাচ্চা, মালু, পাঠা, কুত্তার বাচ্চা ইত্যাদি, অমিত মন্ডলের বিরুদ্ধে নারী নির্যাতনের মামলা করবেন বলে হুমকি প্রদান করেছেন যা গুরুতর অসদাচরণসহ অফিস শৃঙ্খলা ভঙ্গের শামিল;

**যেহেতু,** আপনি আপনার সহকর্মী এবং আপনার দায়িত্বাধীন গ্রাম সমিতির সদস্যদের সাথে খারাপ আচরণ করেছেন, গ্রামের নথিপত্র মাটিতে ছুড়ে ফেলেছেন, ডাটা এন্ট্রি অপারেটর তানজিনা আক্তারসহ তার সন্তানকে জড়িয়ে নেতিবাচক মন্তব্যসহ অকল্যাণ প্রার্থনা করেছেন যা শিষ্টাচার বর্হিভূত, অযাচিত, অনভিপ্রেত এবং চাকরিবিধির সম্পূর্ন পরিপন্থী;

**যেহেতু,** আপনি বিগত ২৬/০৭/২০২৩ তারিখ আশরাফপুর মধ্য গ্রাম সমিতির এসপিসি কমিটির টাকা উত্তোলনের চেকে নিজে কমিটির সদস্যর জায়গায় স্বাক্ষর করেন যা স্বাক্ষর জালিয়াতিসহ চাকরি বিধির সুস্পষ্ট লঙ্ঘন;

**যেহেতু,** আপনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কর্মমূল্যায়নে 'সি' গ্রেডভুক্ত হয়েছেন এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আপনার প্রতি সদয় হয়ে মানবিক বিবেচনায় আপনার চাকরির মেয়াদ অবসান না করে আপনাকে ইতিবাচক পরিবর্তনের সুযোগ দিয়ে আগামী ডিসেম্বর '২০২৪ পর্যন্ত চাকরি চুক্তির মেয়াদ বর্ধিত করে পত্র দিয়েছেন, আপনার তত্ত্বাবধায়ক ক্লাস্টার অফিসার অমিত মন্ডল উক্ত পত্রটি আপনাকে হস্তান্তরকালে আপনি তা অবজ্ঞা সহকারে গ্রহন করেছেন এবং সেখানে পত্রের উল্টোপিঠে ''অপরিবর্তনীয়" শব্দটি লিখেছেন, আপনার এহেন অসৌজন্যমূলক আচরণ কোনভাবেই কাম্য নয় এবং যা কর্তৃপক্ষকে অবজ্ঞার শামিল;

**যেহেতু,** আপনি প্রায়ই বিনা অনুমতিতে ছুটিতে থাকেন, অফিসে বিলম্বে উপস্থিত হন, অফিস মিটিং এ বেশিরভাগ সময়েই অংশগ্রহণ করেন না, অংশগ্রহণ করে থাকলেও মিটিং এর অধিকাংশ সময় মোবাইল ফোনে ব্যস্ত থাকেন যা অপেশাদারসুলভ এবং দায়িত্ব পালনে চরম অবহেলার শামিল;

**যেহেতু,** আপনার এহেন শিষ্টাচার বর্হিভূত কর্মকান্ড, অনিয়ম, অসদাচরণ, অফিস শৃঙ্খলা ভঙ্গ এবং সংস্থার ভাবমূর্তি ক্ষুন্ন করা ইত্যাদি এসডিএফ-এর HR Policy and Manual অনুযায়ী চাকরী হতে বরখাস্তকরণসহ শাস্তিযোগ্য অপরাধ;

**সেহেতু,** এসডিএফ-এর HR Policy and Manual অনুযায়ী কেন আপনাকে বরখাস্ত করা হবে না তার কারণ আগামী **২২/০৯/২০২৪** তারিখের মধ্যে লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক একতরফা ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।

Rahman
09-09-24

**এস. এম. তওফিকুর রহমান**
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ

অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

(১) ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
(২) আঞ্চলিক পরিচালক, এসডিএফ, কুমিল্লা। যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
(৩) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, চাঁদপুর।
(৪) ব্যক্তিগত নথি।

22/22 Khilji Road, Mohammadpur, Dhaka-1207, Bangladesh, Phone: PABX: +88 02 41022521, 41022522, 41022523, 41022524, Fax : +88 02 41022525, e-mail: md@sdfbd.org, Website: www.sdfbd.org

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
Social Development Foundation (SDF)
অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থা
An autonomous organization under the Financial Institutions Division, Ministry of Finance

স্মারক নং-এসডিএফ/আরইএলআই/এইচআর/কুম/ডিপি-২০২৪(১)/২৮৫৭(২) তারিখ: ০৯/০৯/২০২৪

মো: আব্দুর রহিম
আইডি নং: ৪২৬০
ক্লাস্টার ফ্যাসিলিটেটর
০১ নং কড়াইয়া ক্লাস্টার, চাঁদপুর।

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ।**

সূত্র: স্মারক নং-এসডিএফ/ অঞ্চল-কুমিল্লা/প্রশাসন/২০২৪/০৪৭৩(১), তারিখঃ ০৮/০৮/২০২৪;

**যেহেতু,** আপনি মো: আব্দুর রহিম, ক্লাস্টার ফ্যাসিলিটেটর পদে ০১ নং কড়াইয়া ক্লাস্টার, চাঁদপুর কর্মরত থাকা অবস্থায় আপনার তত্ত্বাবধায়ক ক্লাস্টার অফিসার প্রশান্ত কুমার রায় এর সাথে বাক-বিতণ্ডায় লিপ্ত হয়ে তার সাথে অকথ্য ভাষায় গালিগালাজ করেন যেমন- সুয়োরের বাচ্চা, কুত্তার বাচ্চা ইত্যাদি, আপনি আপনার তত্ত্বাবধায়ক ক্লাস্টার অফিসার -কে অশালীন ভাষায় শিষ্টাচার বর্হিভূত নেতিবাচক মন্তব্য করেন যা নিম্নরূপ:

'তুই আমাকে চিঠি দিয়েছিস, চিঠি দিয়ে তুই আমার কি করবি,' আমার কিছুই করতে পারবি না'

**যেহেতু,** আপনি প্রাতিষ্ঠানিক উন্নয়ন তহবিলের প্রাপ্ত অর্থের ৭০% এর অধিক তহবিল ব্যয় হওয়া সত্ত্বেও প্রকল্পের চাহিদা অমান্য করে ২য় কিস্তির প্রস্তাবনা দাখিল না করে প্রকল্প কার্যক্রমকে বাধার সম্মুখীন করেন এবং আপনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৫ টি গ্রামের মধ্যে মাত্র ০২ টি গ্রামের জমি ক্রয় করতে সমর্থ হয়েছেন যা অফিস শৃঙ্খলা ভঙ্গ এবং দায়িত্ব পালনে চরম অবহেলার শামিল;

**যেহেতু,** আপনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কর্মমূল্যায়নে 'সি' গ্রেডভুক্ত হয়েছেন এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আপনার প্রতি সদয় হয়ে মানবিক বিবেচনায় আপনার চাকরির মেয়াদ অবসান না করে আপনাকে ইতিবাচক পরিবর্তনের সুযোগ দিয়ে আগামী ডিসেম্বর '২০২৪ পর্যন্ত চাকরি চুক্তির মেয়াদ বর্ধিত করে পত্র দিয়েছেন;

**যেহেতু,** আপনি নিজ দায়িত্ব পালনে গাফিলতিসহ আপনার অন্যান্য সহকর্মীদেরকে কাজে নিরুৎসাহিত করেন এবং একই সাথে আপনার তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়াই ছুটির আবেদন নিজের খেয়াল খুশিমত টেবিলে রেখে ছুটি উপভোগ করেন এবং প্রায়ই কর্মস্থলে বিলম্ব করে উপস্থিত হন যা চাকরিবিধির সম্পূর্ন পরিপন্থী;

**যেহেতু,** আপনার এহেন অনিয়ম, শিষ্টাচার বর্হিভূত কর্মকান্ড, অসদাচরণ, অফিস শৃঙ্খলা ভঙ্গ এবং সংস্থার ভাবমূর্তি ক্ষুন্ন করা ইত্যাদি এসডিএফ-এর HR Policy and Manual অনুযায়ী চাকরী হতে বরখাস্তকরণসহ শাস্তিযোগ্য অপরাধ;

**সেহেতু,** এসডিএফ-এর HR Policy and Manual অনুযায়ী কেন আপনাকে বরখাস্ত করা হবে না তার কারণ আগামী **২২/০৯/২০২৪** তারিখের মধ্যে লিখিতভাবে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক বরাবর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক একতরফা ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।

০৯-০৯-২৪

**এস. এম. তওফিকুর রহমান**
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ

অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

(১) ব্যবস্থাপনা পরিচালক, এসডিএফ, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
(২) আঞ্চলিক পরিচালক, এসডিএফ, কুমিল্লা। যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
(৩) জেলা ব্যবস্থাপক, এসডিএফ, চাঁদপুর।
(৪) ব্যক্তিগত নথি